

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

প্রশাসন অধিশাখা

৪৪১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা -১২০৮।

Web: www.dnc.gov.bd, E-mail: dgdncbd@gmail.com

স্মারক নং-৪৪.০৪.০০০০.০০৬.২১.০০২.১৫- ৪৫১,

তারিখ : ০৬ পৌষ ১৪২২
২০ ডিসেম্বর ২০১৫

অফিস আদেশ

দেশে মাদকবিরোধী অভিযান জোরদারকরণের লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে Hotline সেবা চালু করা হ'ল। হটলাইন এর নম্বর নীচে দেয়া হ'ল:

টিএন্ডটি ০২-৮৮৭০০১২


মোবাইল ০১৭০৮৯০৪৪৫৪

Hotline কার্যক্রমটি পরিচালক(অপারেশনস্ ও গোয়েন্দা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর তত্ত্বাবধানে পরিচালিত হবে।

কার্য পরিধি :

- ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের হটলাইন এ ফোন করে মাদকের অপব্যবহার, পাচাররোধ এবং অবৈধ মাদক ব্যবসায়ীদের সম্পর্কে সাধারণ জনগণ তথ্য/অভিযোগ জানাতে পারবেন। তথ্যদানকারীর পরিচয় গোপন রাখা হবে।
- খ) প্রতিদিন সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৫.০০ টা পর্যন্ত হট লাইন চালু থাকবে। পরবর্তীতে এ সময়সীমা বাড়ানো হবে।
- গ) প্রতিদিন অফিস সময়ের শেষে সহকারী পরিচালক (অপারেশনস্) রেজিস্ট্রার যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন এবং গুরুত্বপূর্ণ তথ্য পরিচালক(অপারেশনস্) কে অবহিত করবেন।
- ঘ) পরিচালক (অপারেশনস্) সপ্তাহে অন্তত: ০২ দিন রেজিস্ট্রার নিরীক্ষাক্রমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে গৃহীত ব্যবস্থার বাস্তবায়ন পর্যালোচনা করবেন এবং গুরুত্বপূর্ণ বিষয়ে মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালককে অবহিত রাখবেন।
- ঙ) সহকারী পরিচালক ও সংশ্লিষ্ট কর্মচারীগণ তাদের করণীয় বিষয় সম্পর্কে অবগত থাকবেন, যাতে সাহায্য প্রার্থী/তথ্য দানকারীরা সহজেই সঠিক তথ্য /সহায়তা পেতে পারেন।
- চ) সহকারী পরিচালক (অপারেশনস্) কার্যক্রমটি পরিচালনার জন্য প্রতি সপ্তাহে একটি ডিউটি রোষ্টার প্রস্তুত রাখবেন।

০২। এই আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে।


(খন্দকার রাফিকুল হক)
মহাপরিচালক
ফোন-৮৮৭০০১১

বিতরণ :

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. পরিচালক (প্রশাসন/অপারেশনস্/ চিকিৎসা ও পুনর্বাসন/ নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. চীফ কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।- তাঁকে অফিস আদেশটি অধিদপ্তরের ওয়েব-সাইটে প্রদর্শনের অনুরোধসহ।
৭. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট বিভাগ/গোয়েন্দা শাখা, ঢাকা।
৮. উপ পরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা/জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়,।
৯. জনাব.....।
১০. অফিস কপি/মাষ্টার ফাইল।